

## সুরা ইখলাস

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া  
বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রাহীম

১০১৪(রিয়াদুস সালাহীন)হযরত আনাস(রাঃ)বর্ণনা  
করেছেনঃ এক ব্যক্তি বলেছিলঃ ইয়া রাসুলুল্লাহ! এ “কুল হু  
আল্লাহু আহাদ”ইখলাস সুরাটি মহব্বত করি। উত্তরে তিনি  
বলেন “তোমার এ সুরাটির প্রতি মহব্বত তোমাকে  
জান্নাতে প্রবেশ করাবে।(তিরমিযী ২৯০১, বুখারী মুয়াত্তাক-  
৭৭৪)

১০১৩(রিয়াদুস সালাহীন)।হযরত আবু হুরায়রাহ(রাঃ)  
থেকে বর্ণিত। রাসুলুল্লাহ(সাঃ) “ কুল হু আল্লাহু আহাদ”  
(সুরা ইখলাস) সম্পর্কে বলেন, এ সুরাটি কুরআনের এক-  
তৃতীয়াংশের সমান।(মুসলিম-৮৮২)।

১০১২(রিয়াদুস সালাহীন)হযরত আবু সাঈদ খুদরী(রাঃ)  
থেকে বর্ণিত। এক ব্যক্তি অন্য এক ব্যক্তিকে ‘কুল হু  
আল্লাহু আহাদ’ (সুরা ইখলাস) পাঠ করতে শুনে। সে বার  
বার তা পড়ছিল। সকাল হবার পর প্রথম ব্যক্তি  
রাসুলুল্লাহ(সাঃ) এর কাছে গিয়ে এ ঘটনা বর্ণনা করেছিল।

আর ব্যক্তিটি যেন এ আমলটিকে সামান্য মনে করেছিল।রাসুলুল্লাহ(সাঃ)বলেন, যে সত্তার হাতে আমার জীবন তাঁর শপথ, এ সুরাটি কুরআনের এক তৃতীয়াংশের সমান। (বুখারী-৫০১৩)

১০১১(রিয়াদুস সালাহীন) হযরত আবুসাইঈদ খুদরী(রাঃ)রাসুলুল্লাহ(সাঃ)থেকে রেওয়ায়েত করেছেন। তিনি সুরা ইখলাসের ব্যপারে বলেছেন “ যে সত্তার হাতে আমার জীবন তার শপথ নিঃসন্দেহে এ সুরাটি কুরআনের এক-তৃতীয়াংশের সমান।” (বুখারী-৫০১৫)

অন্য এক বর্ণনায় রয়েছে, রাসুলুল্লাহ(সাঃ) তাঁর সাহাবায়ে কিরামকে বলেছেন, তোমাদের কেউ কি রাতে এক তৃতীয়াংশ কোরআন পাঠ করতে অক্ষম? সাহাবাদের এটা বড় কঠিন অনুভব হল। তারা বলেনঃ ইয়া রাসুলুল্লাহ(সাঃ)!আমদের মধ্যে কোন ব্যক্তি এর ক্ষমতা রাখে? তিনি বলেনঃ “ কুল হু আল্লাহু আহাদ, আল্লাহুস সামাদ” (সুরা ইখলাস) হচ্ছে কুরআনের এক তৃতীয়াংশ।